

দোলে দোলে দোলে প্রেমের দোলন-চাঁপা হৃদয়-আকাশে,
 দোল-ফাগুনের চাঁদের আলোর সুধায় মাখা সে ॥
 কৃষ্ণরাতের অন্ধকারে বচনহারা ধ্যানের পারে
 কোন্ স্বপনের পর্ণপুটে ছিল ঢাকা সে ॥
 দখিন-হাওয়ায় ছড়িয়ে গেল গোপন-বেণুকা ।
 গন্ধে তারি ছন্দে মাতে কবির বেণুকা ।
 কোমল প্রাণের পাতে পাতে লাগল যে রঙ পূর্ণিমাতে
 আমার গানের সুরে সুরে রইল আঁকা সে ॥

Parjaay: Prakriti / Basanta, Taal: Dadra, Raag: Paraj-Basanta
 Visit www.geetabitan.com for notation and other detail